

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২২০

পর্ব ২১: খাদ্য (ইয়ানু)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَن ابنِ عبَّاسٍ قَالَ: كَانَ أَحَبَّ الطَّعَامَ إِلَى رَسُولِ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ التَّرِيدُ مِنَ الْخُبْنِ والثريدُ منَ الحَيسِ. رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

8২২০-[৬২] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাল্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে রুটির সারীদ এবং হায়সের সারীদ ছিল প্রিয় খাদ্য। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ৩৭৮৩, য'ঈফাহ্ ১৭৫৮, য'ঈফ আল জামি'উস্ সগীর ৪৩১৫, শু'আবুল ঈমান ৫৯০৮।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে বাসরার এক অপরিচিত লোক আছে। এ লোকটির নাম ও পরিচয় জানা যায়নি। তাই হাদীসটি য'ঈফ। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয় য'ঈফাহ ১৭৫৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আন্ নিহায়াতে রয়েছে যে, হায়স হলো খেজুর, পনির, ঘি ও আটার সমন্বয়ে তৈরিকৃত খাদ্য। ইবনু আরসালান (রহিমাহল্লাহ) বলেনঃ এটা তৈরি করার নিয়ম হলো, 'আজওয়াহ্ খেজুর মধ্য হতে বিচি ফেলে দিয়ে তা ঘি বা তার সমজাতীয় বস্তুর সঙ্গে মিশিয়ে হাত মাড়াই করার ফলে হায়স খাদ্য তৈরি হয়। ('আওনুল মা'বূদ ৬ম খন্ড, হাঃ ৩৭৭৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন